দৈনিক ইত্তেফাক

তারিখ ... 19 FEB 1995 ...
পৃষ্ঠা ১৭ কলাম ... ৫ ...

০৪

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আরবী ভাষা শিক্ষার কর্মসূচী

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আগামী বছরের জানুয়ারী মাস হইতে আরবী ভাষা শিক্ষার জন্য সার্টিফিকেট ইন এ্যারাবিক ল্যাংগুয়েজ প্রফিসিয়েন্সি প্রোগ্রাম চালু করিবে। গতকাল শনিবার ঢাকার নায়েমে এই প্রোগামের উপর তিনদিনব্যাপী এক কর্মশিবিরের আয়োজন করা হয়। কর্মশিবির উদ্বোধন করিয়া ভিসি ডঃ এম শমশের আলী আরবী ভাষা শিক্ষার উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন এবং ইহার অর্থনৈতিক প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। তিনি কর্মশিবিরে অংশগ্রহণকারী বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও মাদ্রাসা হইতে আগত আরবী ভাষা বিশারদদের আন্তরিকতার সাথে এই প্রোগ্রামের পাঠসামগ্রী তৈরী করার আহ্বান জানান। উদ্বোধনী সভায় সভাপতিত্ব করেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এম, শামসুল হক। তিনি বলেন, ইতিমধ্যে এই প্রোগ্রামের সিলেবাস ও কারিকুলাম তৈয়ার করা হইয়াছে। স্কুল অব সোস্যাল সায়েন্স, হিউম্যানিটিজ এণ্ড ল্যাংগুয়েজেস আয়োজিত এই কর্মশিবিরে আরও বক্তব্য রাখেন সহযোগী অধ্যাপক মেহের আফতাব ও আরবী ভাষার প্রভাষক মোঃ গিয়াস উদ্দিন।

--প্রেস বিজ্ঞপ্তি